

**এইচএসসির ফল প্রকাশ**  
**যশোর বোর্ডে পাসের**  
**হার ৬৭.৪৯**

**যশোর অফিস**

এবারের এইচএসসির ফলাফলে যশোর বোর্ডে পাসের হার ৬৭ শতাংশ ৪৯। এ বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা ছিল এক লাখ ১১ হাজার ১১ জন। এর মধ্যে পরীক্ষায় অংশ নেন এক লাখ ৯ হাজার ৯৯৪ জন। পাস করেছেন ৭৪ হাজার ২৪০ জন। জিপিএ-৫ পেয়েছে ৪ হাজার ৭৪০ জন।

বিজ্ঞান বিভাগে পরীক্ষার্থী ছিল ১২ হাজার ৮৩৯ জন। পাস করেছেন ৯ হাজার ৩৪০ জন। পাসের হার ৭৩ শতাংশ। এ বিভাগ থেকে জিপিএ-৫ পেয়েছে ২ হাজার ২৪৬ জন। মানবিক অংশগ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা ৬৮ হাজার ৮৯১ জন। পাস করেছেন ৪২ হাজার ৯৫২ জন। পাসের হার ৬২ শতাংশ। এ বিভাগ থেকে জিপিএ-৫ পেয়েছেন ১ হাজার ৮৫ জন। বাণিজ্য বিভাগে পরীক্ষার্থীর সংখ্যা ছিল ২৮ হাজার ২৬৪ জন। পাস করেছেন ২১ হাজার ৯৪৫ জন। পাসের হার ৭৮ শতাংশ। এ বিভাগ থেকে জিপিএ-৫ পেয়েছেন ১ হাজার ৪০৯ জন।

যশোর শিক্ষাবোর্ডের তিনটি প্রতিষ্ঠান থেকে কেউ পাস করেনি।